

ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া, নয়ারহাট, আশুলিয়া, সাভার, ঢাকা।

পলিসি নাম	শিশু শ্রম নিরুৎসাহিত ও কিশোর শ্রমিক নিয়োগ নীতিমালা (Child labor discouragement and Juvenile labor recruitment policy)	
পলিসি নম্বর	২২..	
পরীক্ষণের তারিখ	০১ লা জানুয়ারী ২০২০	
প্রস্তুতকারী	মোঃ ইদ্রিস মল্লিক- ব্যবস্থাপক(কমপ্লায়েন্স)	
পরীক্ষণকারী	মোঃ মাহমুদ হোসেন- উপ মহাব্যবস্থাপক(মানব সম্পদ, প্রশাসন ও কমপ্লায়েন্স)	
অনুমোদনকারী	আলফাজ উদ্দিন আহমেদ- নির্বাহী পরিচালক	

শিশু শ্রম নিরুৎসাহিত ও কিশোর শ্রমিক নিয়োগ নীতিমালা (Child labor discouragement and Juvenile labor recruitment policy)

উদ্দেশ্য :


ষ্টারলিং ডেনিমস্ লিঃ সব সময় শিশু শ্রমিক নিয়োগদানকে নিরুৎসাহিত করে। শিশু বলতে যে সকল শ্রমিকের বয়স ১৪ বৎসর পূর্ণ হয় নাই তাদের বুঝায়। শ্রমিক নিয়োগের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স অনুসরণ করা হয়ে থাকে প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে ন্যূনতম বয়স সীমা ১৮ বৎসর এবং যে সকল শ্রমিকদের বয়স ১৮ বৎসর পূর্ণ হয় নাই কিন্তু ১৪ বৎসর পূর্ণ হয়েছে তাদের আইন কর্তৃক নির্দেশিত সুরক্ষা, বিশেষ সুরক্ষা নিশ্চিত সাপেক্ষে নিয়োগ করা যেতে পারে।

আমাদের শিশু শ্রম নিরুৎসাহিত ও কিশোর শ্রমিক নিয়োগ নীতিমালা নিম্নরূপ :

ষ্টারলিং ডেনিমস্ লিঃ শ্রমিক নিয়োগের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স অনুসরণ করে থাকে। অর্থাৎ ১৪ বৎসরের কম বয়সের কোন শ্রমিক নিয়োগ করা হয় না। যদি কোন নিয়োগ প্রাপ্ত শ্রমিকের বয়স সন্দেহ জনক মনে হয় তবে রেজিষ্টার্ড ডাক্তারের পরীক্ষার রিপোর্ট এর ভিত্তিতে তা সঠিকভাবে নিরূপন করা হয়। শিশু শ্রমিকের বয়স ১৪ বছর এর নিচে এবং ১৬ থেকে ১৮ বছরের নিচে বয়স হলে সে কিশোর শ্রমিক হিসাবে গণ্য হবে এবং উক্ত শ্রমিকের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা গ্রহণ করা হবে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ৩৪-৩৮ ও ৪৪, সংশোধিত ২০১৩ অনুযায়ী।

যদি বয়স নিয়ে শিশু না কিশোর কোন বিরোধ দেখা দেয় তাহলে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ৩৬ অনুযায়ী উক্ত ব্যক্তির জন্ম নিবন্ধন সনদ, স্কুল সার্টিফিকেট বা রেজিষ্টার্ড চিকিৎসক কর্তৃক প্রদত্ত উক্ত ব্যক্তির বয়স সংক্রান্ত প্রত্যয়নপত্রের ভিত্তিতে উহা নিষ্পত্তি হইবে।

- ১) কিশোর শ্রমিক দিয়ে কারখানায় প্রতিদিন ৫ ঘন্টার বেশী কাজ করানো যাবে না।
- ২) কিশোর শ্রমিকদের কখনও সন্ধ্যা ৭ টা থেকে ভোর ৭ টা পর্যন্ত সময়ের মধ্যে কাজ করানো হবে না।
- ৩) স্থানীয় ইন্সপেক্টর কর্তৃক তার শারিরিক যোগ্যতা বা সক্ষমতার প্রত্যয়ন পত্র গ্রহণ করা হবে।
- ৪) কাজে নিয়োজিত থাকার সময় উক্ত শ্রমিকদের সংগে উপরোক্ত প্রত্যয়ন পত্রের স্মারক টোকেন এর ব্যবস্থা করা হবে।
- ৫) শ্রমিকের পিতা মাতার লিখিত সম্মতিপত্র গ্রহণ করা হবে।



ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া, নয়ারহাট, আশুলিয়া, সাভার, ঢাকা।

- ৬) কিশোর শ্রমিক নিয়োগ হলে তাদের ক্ষেত্রে পৃথক রেজিস্টার সংরক্ষণ করা হবে।
- ৭) কিশোর শ্রমিককে কোন ঝুঁকিপূর্ণ বা চলমান মেশিনে কাজ করতে দেয়া হবে না।
- ৮) প্রতি ১৫ কর্মদিবসে ১দিন অর্জিত ছুটি হিসাবে গন্য করা হবে।
- ৯) কিশোর শ্রমিকের বেলায় দেশের প্রচলিত বাংলাদেশ শ্রম আইন ২০০৬এর বিধানসমূহ সঠিকভাবে অনুসরণ করা হবে।

শিশু শ্রমিক নিয়োগের ক্ষেত্রে ষ্টারলিং ডেনিমস্ লিঃ এর বিশেষ নির্দেশনা :- যদি অত্র কোম্পানীতে ভুলক্রমে শিশু শ্রমিক নিয়োগ প্রাপ্ত হয়ে যায় সেক্ষেত্রে ঐ শিশু শ্রমিককে তাৎক্ষণিকভাবে চাকুরী হতে অব্যাহতি দিয়ে তার পিতামাতার কিংবা আইনগত অভিভাবকের নিকট পাঠিয়ে দিতে হবে এবং শিশুটি কিশোরে পরিণত না হওয়া পর্যন্ত তার শিক্ষার ব্যয়ভার কোম্পানী কর্তৃক বহন করা হবে এবং শিশু শ্রমিকটির পরিবারে যদি প্রাপ্ত বয়স্ক কর্মক্ষম কোন ব্যক্তি থাকে তবে তার চাকুরীর সংস্থান করবে।

এতদসংক্রান্ত যাবতীয় পদক্ষেপ যথাযথ নথিভুক্ত করতে হবে।